

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ

মহাপরিচালক: শাইখ মুহাম্মদ সালেহ

270314 - কোন ফ্যাক্টরটি একটি প্রোডাক্ট তৈরি করে ঐ প্রোডাক্টে গায়ে ট্রেডমার্ক হিসেবে গ্রাহকের নাম লেখা

প্রশ্ন

'নজিস্ব মারকা' ব্যবহার করা বলে একটি কথা আছে। প্রস্তুতকারক প্রতিষ্ঠান কোন একটি প্রোডাক্ট উৎপাদন করে স্টোর উপর নজিস্ব কোম্পানির নাম বসানোর বদলে গ্রাহকদের নাম বসানো; যহেতু স্টোই হচ্ছে "ট্রেডমার্ক" (বাণিজ্যিক মারকা)। এই গ্রাহক প্রোডাক্টটি এমনভাবে বিক্রি করে তার নজিস্ব ট্রেডমার্ক দিয়ে হলে যত্নে বিক্রি করত। "নজিস্ব মারকা" ব্যবহারের নামে বহুল পরিচিতি এই প্রসেসেরি হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

কোন কোম্পানি বা ফ্যাক্টরি গ্রাহকের জন্য প্রোডাক্ট তৈরি করে সে প্রোডাক্টে গায়ে ফ্যাক্টরির নামের পরিবর্তে "বাণিজ্যিক মারকা" বা "ট্রেডমার্ক" হিসেবে গ্রাহকের নাম লিখিত কোন বাধা নাই; যদি তা প্রতারণা ও জালিয়াতি মুক্ত হয়। প্রকৃতপক্ষে উক্ত গ্রাহক প্রোডাক্টটি অন্যের কাছ থেকে বানিয়ে এনেছে। কিন্তু প্রোডাক্টটি সে নিজের তৈরি করেছে বা নজিস্ব ফ্যাক্টরিতে বানিয়েছে— অন্যদেরকে এমন ধোঁকা দিয়ে নাজায়যে। কারণ এটি প্রতারণা ও মথিয়া দাবী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: "নজিকে অতিরঞ্জিতভাবে প্রকাশকারী দুই খণ্ড মথিয়ার কাপড় পরিধানকারী (অর্থাৎ মথিাবাদী)-র মত।"

প্রস্তুতকারকের জন্য অর্থাৎ বিনিময়ে কথিবা বিনামূল্যে অন্য কাউকে তার ট্রেডমার্ক বা বাণিজ্যিক মারকা দিয়ে জায়যে আছে; তবে শরত হচ্ছে এতে কোন জালিয়াতি বা প্রতারণা থাকতে পারবে না।

১৪০৯ হিঃ (১৯৮৮খ্রিঃ)তে কুয়েতে অনুষ্ঠিত "ইসলামী ফকিহ একাডেমী"-র পঞ্চম অধিবেশনের সিদ্ধান্তবলীতে এসেছে:

এক: বাণিজ্যিক নাম, বাণিজ্যিক শরিনোম (ট্রেডমার্ক, গ্রন্থায়ন, উদ্ভাবন বা আবশ্কার): এগুলো এর মালকিদরে ব্যক্তিগত স্বত্ব। সমকালীন প্রথায় এর বিবেচনাযোগ্য আর্থিক মূল্য রয়েছে; যার জন্য মানুষ বিনিয়োগ করতে পারে। শরিয়তে এ স্বত্বগুলো বিবেচনাযোগ্য। তাই এ স্বত্বগুলো লঙ্ঘন করা নাজায়যে।

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ

মহাপরিচালক:শাইখ মুহাম্মদ সালেহ

দুই:

বাণজ্যিকি নাম, বাণজ্যিকি শরিনোম বা ট্রেডমার্ক আর্থিক স্বত্ব হিসেবে বিবেচিত হওয়ায় এগুলো লেনদেনে করা এবং অর্থের বিনিময়ে এর কোনটিকে হস্তান্তর করা যায়; যদি এতে ধোঁকাবাজি, প্রতারণা ও জালিয়াতি না থাকে।

তনি:

গ্রন্থায়ন, উদ্ভাবন ও আবিষ্কারের স্বত্বগুলো শরিয়তে সংরক্ষিত। এগুলোর স্বত্বাধিকারীগণের লেনদেনে করার অধিকার রয়েছে এবং এগুলো ভাঙ করা নাজায়যে।[একাডেমীর "ম্যাগাজিন" সংখ্যা-৫, খণ্ড-৩ পৃষ্ঠা-৭৬২২ থেকে সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।